

# অবেলায়

আহমেদ সাবের

আমার কিছু কবি বন্ধু যতিচিহ্ন বিহীন কবিতা লিখছেন। আমিও তাদের পদাঙ্ক অনুসরণ করলাম। দেখা যাক, পাঠকরা কি ভাবে নেন সেটা।

বৃষ্টির শেষে পড়ে থাকে নদী  
ভালবাসা শেষে তৃপ্তি  
তোমার চোখেও অমানিশা যদি  
দেখেছি তারার দীপ্তি  
ঝাড় বাতি হয়ে প্রশয় দোলে মধ্যে  
বাতাসে নেশার গন্ধ  
নাইবা পেলাম মিল খুঁজে খুঁজে পদ্যে  
তাতেই মিলাই ছন্দ

আটপৌরে মেঘে যদিও কারুর কার্য  
চরকা সুতোয় রাত্রি  
দিন বদলেও হয় বা হয়নি ধার্য  
অন্ত্যঃপথের যাত্রী  
মন্দার হাটে বিকিকিনি শেষে পণ্যে  
কৃষকের শোক অন্ধ  
অবেলার এই জীবন অভয়ারণ্যে  
বন্ধ দুয়ার বন্ধ

সিডনী, জুলাই ২৮, ২০১১